

...
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর
সাধারণ শাখা
www.jamalpur.gov.bd



সর্বোচ্চ অগ্রাধিকার

নম্বর ০৫.৪৫.৩৯০০.০১১.২২.০০১.২০.৩৬১

তারিখ ৮ বৈশাখ ১৪২৭

২১ এপ্রিল ২০২০

গণবিজ্ঞপ্তি

বিষয়: জামালপুর জেলায় নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাব মোকাবেলায় গণবিজ্ঞপ্তি।

এতদ্বারা জামালপুর জেলার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ০৮/০৪/২০২০ তারিখের জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক এ কার্যালয়ের ০৮/০৪/২০২০ তারিখের ০৫.৪৫.৩৯০০.০১১.০১.০০৩.২০-২৯০ নম্বর স্বারকে জামালপুর জেলাকে অবরুদ্ধ (Lock Down) ঘোষণা করা হয়। বিগত ১৯/০৪/২০২০ তারিখের জামালপুর জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি এবং জেলায় করোনা ভাইরাস প্রতিরোধ কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী বিরাজমান নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাব মোকাবেলায় জনসমাগম পরিহার করার লক্ষ্যে উক্ত অবরুদ্ধ (Lock Down) পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। এই লক্ষ্যে নিম্নবর্ণিত বিধি-নিষেধসমূহ সকলকে মেনে চলার জন্য অনুরোধ করা হল:

- ১। জরুরি ও নিত্য প্রয়োজনীয় কৃষি পন্য, সার, কীটনাশক, জ্বালানী, সংবাদপত্র, খাদ্য, চিকিৎসা সরঞ্জামাদি বহনকারী যানবাহন ব্যতীত অন্য কোন প্রকার যানবাহন এ জেলা হতে এ জেলার বাহিরে যেতে কিংবা অন্য জেলা হতে এ জেলায় প্রবেশ করবেনা। এছাড়া এ জেলার অভ্যন্তরেও চলাচল করবে না।
- ২। নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির দোকান ও কাঁচা বাজার সকাল ০৭.০০ ঘটিকা হতে বেলা-১২.০০ ঘটিকা পর্যন্ত এবং কৃষি-পন্য, সার, বীজ, কীটনাশক, জ্বালানী, সংবাদপত্র সকাল ০৭.০০ ঘটিকা হতে সন্ধ্যা ০৬.০০ ঘটিকা পর্যন্ত খোলা থাকবে। অন্যান্য সকল দোকানপাট, সাপ্তাহিক হাট, প্রতিষ্ঠান এবং গণপরিবহন পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বন্ধ থাকবে। ঔষধের দোকানের ক্ষেত্রে এই সময়সীমা প্রযোজ্য হবে না।
- ৩। সরকারি-বেসরকারি চিকিৎসা প্রতিষ্ঠান ও ক্লিনিক ২৪ ঘন্টা খোলা রাখতে হবে।
- ৪। করোনা ভাইরাস সংক্রমণ প্রশমনে জনগণকে অবশ্যই ঘরে অবস্থান করতে হবে।
- ৫। অতীব জরুরি প্রয়োজন ব্যতীত ঘরের বাইরে বের না হওয়ার জন্য সকলকে অনুরোধ করা হলো।
- ৬। সন্ধ্যা ০৬.০০ ঘটিকা হতে সকাল ০৬.০০ ঘটিকা পর্যন্ত কেউ ঘরের বাইরে বের হতে পারবেন না।
- ৭। এ জেলার এক এলাকা হতে অন্য এলাকায় চলাচল কঠোরভাবে সীমিত করা হলো।
- ৭। অতীব প্রয়োজন ব্যতীত এ জেলা হতে কোন ব্যক্তি অন্য জেলায় গমন কিংবা অন্য জেলা হতে এ জেলায় আগমন করবেন না।
- ৫। উল্লিখিত নির্দেশাবলী অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের ০৯/০৪/২০২০ তারিখের ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০১৩.২০২০-১৭৮ নম্বর স্মারকের পরিপত্রের নির্দেশনা মেনে চলতে হবে।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ ২১/০৪/২০২০ তারিখ সন্ধ্যা ০৬.০০ টা হতে কার্যকর হবে।



২১-৪-২০২০

মোহাম্মদ এনামুল হক
জেলা প্রশাসক

অনুলিপি:

- ১) মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
- ২) মাননীয় সংসদ সদস্য, জামালপুর ১, ২, ৩ ও ৫নং সংসদীয় আসন।
- ৩) বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
- ৪) পুলিশ সুপার, জামালপুর।
- ৫) অধিনায়ক, সশস্ত্র বাহিনী, জামালপুর।
- ৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জামালপুর।
- ৭) সিভিল সার্জন, জামালপুর।
- ৮) উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল), জামালপুর।
- ৯) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ১০) সভাপতি, জামালপুর প্রেসক্লাব/জামালপুর জেলা প্রেসক্লাব।
- ১১) জনাব -----